

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯০১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - দেউলিয়া (দারিদ্র্য) হওয়া এবং ঋণীকে অবকাশ দান

بَابُ الْإِفْلَاسِ وَالْإِنْظَارِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: كَانَ رجل يدائن النَّاسَ فَكَانَ يَقُولُ لِفَتَاهُ: إِذَا أَتَيْتَ مُعْسِرًا تجَاوِز عَنهُ لَعَلَّ الله أَن يَتَجَاوَزُ عَنَّا قَالَ: فَلَقِيَ اللَّهَ فَتَجَاوَزُ عَنْهُ لَعَلَّ الله أَن يَتَجَاوَزُ عَنَّا قَالَ: فَلَقِيَ اللَّهَ فَتَجَاوَزُ عَنْهُ

বাংলা

২৯০১-[৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক ব্যক্তি লোকেদেরকে ধার দিত। সে তার কর্মচারীকে বলে দিত, কোনো পাওনাদারকে (ঋণ পরিশোধে) অক্ষম দেখলে তাকে মুক্তি দিয়ে দিও। এর ওয়াসীলায় হয়তো আল্লাহ তা'আলা আমাদেরকে মুক্তি দিবেন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ অতঃপর (মৃত্যুর পর) ঐ ব্যক্তি আল্লাহর দরবারে পৌঁছলে আল্লাহ তা'আলা তাকে মুক্তি করে দিলেন। (বখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২০৭৮, মুসলিম ১৫৬২, আহমাদ ৭৫৭৯, সহীহ আল জামি' ৪৪৫৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস থেকে বুঝা যায় যে, কারো প্রতি ঋণের বোঝা হালকা করাটাই নেকীর কাজ। যদি সেটা একমাত্র আল্লাহর জন্যই হয়ে থাকে এবং তা অসংখ্য পাপের কাফফারা হবে। আর যে ব্যক্তি এমন কাজের নির্দেশ দিবে তার জন্যও রয়েছে প্রতিদান। আমাদের পূর্ববর্তী শারী আত যখন আমাদের শারী আতে প্রশংসা ধারায় এসেছে, সুতরাং তা আমাদের জন্য পুণ্যের কাজ। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন